

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
কাপাসিয়া, গাজীপুর

স্মারক নং ৩০.০১.৩৩৩৬.০০০.১৪.০৬০.২৪-১১৯

তারিখ: ০২/০১/২০২৪ খ্রি:

### নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় কাপাসিয়া উপজেলার অধীনে কাপাসিয়া, রায়েদ ও ঘাগটিয়া ইউনিয়নে স্থাপিত ক্লাবসমূহের জন্য প্যানেল তৈরির নিমিত্ত দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন ২ ঘণ্টা)	০২ জন	এস.এস.সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন ২ ঘণ্টা)	০১ জন	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

### শর্তাবলী

- ১। প্রার্থীকে আগামী ১০/০২/২০২৪ খ্রি: এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর বরাবর লিখিতভাবে আবেদনপূর্বক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুরে জমা দিতে হবে।
- ২। আবৃত্তি শিক্ষক হিসেবে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে অবশ্যই গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। সরকার নির্ধারিত কোটা (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান/এতিমখানার নিবাসী/শারীরিক প্রতিবন্ধী, উপজাতি/আনসার ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি বিধিমালার সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।
- ৪। আগামী ১০/০২/২০২৪ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।
- ৫। নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত উল্লেখ পূর্বক আবেদন করতে হবে।
- ৬। আবেদনপত্রে খামের উপরের ডান পার্শ্বে পদের নাম লিখতে হবে।
- ৭। চাকুরীরত প্রার্থীদের কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৮। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, প্রশিক্ষণ সনদ, জন্মনিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের ০১ কপি করে ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যায়িত করে জমা দিতে হবে।
- ৯। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র বা অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধির সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ বা ডিএ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোহাম্মদ আলী সিদ্দিকী  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
কাপাসিয়া, গাজীপুর।